সাবালক হওয়ার পর ইয়াতীম বলা যাবে না এবং কোনো দিন সকাল থেকে রাত পর্যন্ত বাক বন্ধ রাখা যাবে না।

আলী ইবন আবি তালিব রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফূ‘ হাদীস বর্ণিত, “সাবালক হবার পর ইয়াতীম বলা যাবে না এবং কোনো দিন সকাল থেকে রাত পর্যন্ত বাক বন্ধ রাখা যাবে না।”
[সহীহ] [এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন।]

প্রথমত: বালেগ হওয়ার পর কাউকে ইয়াতীম বলে গণ্য করা হবে না। দ্বিতীয়ত:জাহিলিয়্যাতের যুগে চুপ থাকার মাধ্যমে ইবাদত পালন করা হত। তারা পুরো একদিন চুপ থাকত, সূর্যাস্ত পর্যন্ত কারো সাথে কথা বলত না। মুসলিমদের এ থেকে নিষেধ করা হয়েছে। কারণ, এতে তাসবীহ, তাহলীল, আল্লাহর প্রসংশা করা, ভালো কাজের আদেশ অসৎ কর্ম থেকে বারণ করা, কুরআনের তিলাওয়াত করা ইত্যাদি ছেড়ে দেওয়া হয়। এ ছাড়াও এটি জাহিলিয়্যাতের সংস্কৃতি। এ কারণে তা থেকে নিষেধ করা হয়েছে।

http://sunnah.global/hadeeth/bn/show/6374